দৈনিক সংবাদ

তারিখ ... 12 FEB 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৮ ...

01

রাজশাহী বিশ্ববিদ্যালয়

## বিএসএস ও বিকম পরীক্ষার ফল প্রকাশ

রাজশাহী, ১১ই ফেব্রুয়ারী (বাসস)।--রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৯ সালের জুন-জুলাই মাসে অনুষ্ঠিত ১৯৮৮ সালের বি,এস,এস (পাস), বি,কম (পাস) ও বি,কম (পাস, পুরনো সিলেবাস অনুযায়ী) পরীক্ষার ফল গতকাল রাতে প্রকাশ করা হয়েছে।

বি,এস,এস (পাস) পরীক্ষায় ১৮৭০ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৮৫ জন; বি, কম (পাস)-এ ৭৬৭৬ জন পরীক্ষার্থীর মধ্যে ১১৬৮ জন এবং বি,কম (পাস, পুরনো সিলেবাস)-এ ৪১০১ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৩৬জন উত্তীর্ণ হয়েছেন। তিনটি পরীক্ষায় পাসের হার যথাক্রমে ২৫ দশমিক ৯৩, ১৫ দশমিক ২১ এবং ১৩ দশমিক ০৬। কেউ প্রথম বিভাগে উত্তীর্ণ হননি।